## ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট)
শিক্ষাবর্ষ ঃ ২০০৮-২০০৯

### বাংলা

০১. খানসামা রেস্তোঁরায় টাইমলি হাজির -এ বাক্যটিতে আছে যথাক্রমে
ক. ফারসি, ফরাসি, ইংরেজি ও আরবি শব্দ
খ. আরবি, ফরাসি, ইংরেজি ও ফারসি শব্দ
গ. আরবি, ইংরেজি, ফরাসি ও ফারসি শব্দ
ঘ. ফারসি, ইংরেজি, ফরাসি ও আরবি শব্দ

ব্যাখ্যাঃ ফারসি শব্দ - আফসোস, বারান্দা, হাঙ্গামা, আয়না, ইরানি, একতারা, একটা, কম, কারসাজি, খানসামা, খুশি, দুরবিন, বাজার, সেতারা, হাজার, তালাশ। ফরাসি শব্দ - কুপন, ডিপো, রেস্তোঁরো, মাদাম, এলিখ, বুফে, পিজা, জাহাজ, খোঁরাকি, আতাঁত, রেনেসাঁ ইত্যাদি।
ইংরেজী শব্দ - কলাম, চেয়ার, টাইমলি, আফিম, জজ, বাক্স।
সঠিক উত্তর : ক.

০২. 'অর্থহীন অপব্যয়' প্রকাশ করে কোনটি?
ক. মশা মারতে কামান দাগা
খ. ভস্মে ঘি ঢালা
গ. অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট
ঘ. গুরু মেরে জুতো দান

ব্যাখ্যাঃ মশা মারতে কামান দাগা - তুচ্ছ কাজে বেশি শক্তি প্রয়োগ করা।
ভস্মে ঘি ঢালা - অর্থহীন অপব্যয়।
হাতের লক্ষী পায়ে ঠেলা - হেলায় সুযোগ নষ্ট করা।
সোনার কাঠি রূপোর কাঠি - মরা বাচার উপায়।
সাত ঘাটের কানাকড়ি - অতিকিঞ্চিৎকর সংগ্রহ।
যথা ধর্ম তথা জয় - ন্যায়ের পথেই সাফল্য আসে।
মেও ধরা - তোষামোদ করা।
সঠিক উত্তর : খ.

০৩. 'সব ক'টা জানালা খুলে দাও না'। -বাক্যে 'না'-এর ব্যবহার-
ক. নঞর্থক
খ. অস্ত্যর্থক
গ. নিরর্থক
ঘ. অলঙ্কার সূচক

ব্যাখ্যাঃ বাক্যে 'না' শব্দটি অনুপস্থিত থাকলে বাক্য একই অর্থ প্রকাশ করে। তাই শব্দটি অলঙ্কার হিসেবে বাক্যটিতে ব্যবহার হয়েছে।
সঠিক উত্তর : ঘ.

০৪. 'শোনা যায় এমন' -এক কথায় হবে-
ক. শ্রুতিগ্রাহ্য
খ. শ্রুতিমধুর
গ. শ্রুতিযোগ্য
ঘ. শ্রুতিধর

ব্যাখ্যাঃ দর্শন করা হয়েছে এমন - প্রেক্ষিত
বুঝতে পারা যায় এমন - বোধগম্য
ভবিষ্যতে ঘটিবেই এমন - ভবিতব্য
শোনা যায় এমন - শ্রুতিগ্রাহ্য
জেগে রয়েছে এমন - জাগরুক
সঠিক উত্তর : ক.

০৫. 'জ' উচ্চারণরণে কোন কোন প্রত্যঙ্গের প্রয়োজন হয়?
ক. দন্তমূল ও জিহবার সম্মুখ ভাগ
খ. দন্তমূলের শেষাংশ ও জিহবার পাতা
গ. জিহবার গোড়ালি ও তালুর নরম অংশ
ঘ. দু-ঠোঁটের সংস্পর্শ

সঠিক উত্তর : খ.

০৬. তৎ+হিত > তদ্ধিত -- এক কথায় হবে
ক. সম্প্রকর্ষ
খ. বিষমীভবন
গ. স্বরসঙ্গতি
ঘ. সমীভবন

ব্যাখ্যাঃ সংক্ষেপে ধ্বনি পরিবর্তন-
১. আদি স্বরাগমঃ শব্দের আদিতে স্বরধ্বনি আসে।
উদাহরণ- স্কুল > ইস্কুল; স্টেশন > ইস্টিশন এরূপ - আস্তাবল, আস্পর্ধা
২. মধ্য স্বরাগম, বিপ্রকর্ষ বা স্বরভক্তিঃ সংযুক্ত ব্যঞ্জন ধ্বনি মাঝখানে স্বরধ্বনি আসে।
উদাহরণ- ক্লেশ > কিলেশ; রত্ন > রতন; মুক্তা > মুকুতা; এরূপ- মোরগ, হর্ষ ইত্যাদি।
৩. অন্ত্যস্বরাগমঃ শব্দের শেষে অতিরিক্ত স্বরধ্বনি আসে।
উদাহরণ- বেঞ্চ > বেঞ্চি
৪. অপিনিহিতিঃ পরের ই/উ-কার এর আগে কিংবা যুক্ত ব্যঞ্জন ধ্বনির আগে ই/উ-কার উচ্চারিত হয়।
উদাহরণ-আজি>আইজ; সাধ>সাউধ; এরূপ-সত্য>সইত্য; মারি>মাইর
৫. অসমীকরণঃ স্বরের পুনরাবৃত্তি দূর করার জন্য মাঝখানে স্বরধ্বনি আসলে।
উদাহরণ - ধপ + ধপ > ধপাধপ এরূপ - টপাটপ
৬. স্বরসঙ্গিতিঃ একটি স্বরের প্রভাবে অপরটির পরিবর্তন।
প্রগত - আদিস্বর অনুযায়ী অন্তস্বর পরিবর্তিত হলে। মুলা>মুলো
পরাগত - অন্তস্বরের কারণে আদ্যস্বর পরিবর্তিত হলে। দেশি>দিশি
মধ্যগত - আদ্যস্বর বা অন্তস্বর অনুযায়ী মধ্যস্বর পরিবর্তিত হলে। বিলাতি>বিলিতি।
৭. সম্প্রকর্ষ বা স্বরলোপঃ শব্দের আদি, অন্ত্য বা মধ্যবর্তী কোনো স্বরধ্বনি লোপ পায়।
উদাহরণ-বসতি>বস্‌তি ; জানালা>জান্‌লা; আলাবু>লাউ; আজি>আজ
- স্বরলোপ মূলত স্বরাগমের বিপরীত প্রক্রিয়া
৮. ধ্বনি বিপর্যয়ঃ দুটো ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন ঘটলে।
উদাহরণ-রিক্সা>রিসকা; পিশাচ>পিচাশ; লাফ>ফাল
৯. সমীভবনঃ দুটো ধ্বনি একে অপরের প্রভাবে অল্প বিস্তর সমতা লাভ করলে।
উদাহরণ-কাঁদনা>কান্না; পক্ব>পক্‌কা; লগ্ন>লগ্‌গ; তৎ+হিত>তদ্ধিত, সমীভবনকে ব্যঞ্জনসঙ্গতি ও বলা হয়
১০. বিষমীভবনঃ দুটি সমবর্ণের একটির পরিবর্তন হলে।
উদাহরণ - শরীর>শরীল; লাল>নাল ইত্যাদি।
১১. দ্বিত্ব ব্যঞ্জনঃ গুরুত্ব বোঝানোর জন্য শব্দের অর্ন্তগত ব্যঞ্জনের দ্বিত্ব উচ্চারণ হলে-
উদাহরণ - পাকা>পাক্কা; ছোট>ছোট্ট
১২. ব্যঞ্জন বিকৃতিঃ কোন বর্ণ পরিবর্তিত হয়ে নতুন রূপ ধারণ করলে
উদাহরণ - কবাট>কপাট; ধোবা>ধোপা
১৩. ব্যঞ্জনচ্যুতিঃ পাশাপাশি সম উচ্চারনের দুটো ব্যঞ্জন ধ্বনি থাকলে একটি লোপ পায়।
উদাহরণ- বউদিদি>বউদি; বড় দাদা>বড়দা
১৪. অন্তর্হতিঃ- পদের মধ্যে কোন ব্যঞ্জনধ্বনি লোপ পেলে।
উদাহরণ- ফাল্গুন>ফাগুন; আলাহিদা>আলাদা
১৫. অভিশ্রুতি ঃ অপিনিহিতির পরবর্তী পর্যায় অভিশ্রুতি, ই বা উ পূর্বের স্বরধ্বনির সাথে মিলিত হয়ে পরবর্তী স্বরের পরিবর্তন ঘটে।
উদাহরণ - রাখিয়া >রাইখা, মাছুয়া>মেছো, আসিয়া>এসে, কন্যা>কইন্যা ইত্যাদি।
সঠিক উত্তর : ঘ.

০৭. সংস্কৃত উপসর্গের উদাহরণ
ক. নিখোঁজ
খ. নিগ্রহ
গ. নিখুঁত
ঘ. নিলাজ

ব্যাখ্যাঃ 'নি' উপসর্গ যোগে
তৎসম শব্দ - নিবারণ, নির্ণয়, নিগূঢ়, নিবেদন, নিবৃত্তি, নিগ্রহ, নিমগ্ন, নিকৃষ্ট, নিদারুণ, নিবিড়, নিষ্কলুষ ইত্যাদি।
বাংলা শব্দ - নিখুঁত, নিখোজ, নিলাজ, নিরেট
সঠিক উত্তর : খ.

০৮. 'রাজ্যশাসনের রীতিনীতি/সূক্ষ্মভাবে রয়েছে ইহাতে'। কোন রচনার অন্তর্গত?
ক. অর্ধাঙ্গী
খ. শকুন্তলা
গ. ভাষার কথা
ঘ. সাহিত্যে খেলা

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ক.

০৯. আমি বললাম তুমি গৃহদাহ পড়িয়াছ কি -এ বাক্যে কয়টি বিরাম চিহ্ন বসবে?
ক. দুই
খ. তিন
গ. চার
ঘ. পাঁচ

ব্যাখ্যাঃ বাক্যটির পূর্ণাঙ্গ রূপ - আমি বললাম, তুমি গৃহদাহ পড়িয়াছ কি?
সঠিক উত্তর : গ.

১০. 'ঋজু'-র বিপরীতার্থক শব্দ-
ক. চতুর
খ. পটু
গ. বোকা
ঘ. অপটু

ব্যাখ্যাঃ গুরুত্বপূর্ণ কিছু বিপরীত শব্দ -

| | | | |
|---|---|---|---|
| উল্লেখ | অনুল্লেখ | উন্মীলন | নির্মীলন |
| খুব | অল্প | উদ্ভাসিত | ম্রিয়মান |
| চিরায়ত | সাময়িক | ঈদৃশ | তদৃশ |
| কুঞ্চন | প্রসারণ | আপদ | সম্পদ |
| উষা | সন্ধ্যা | ঋজু | অপটু |

সঠিক উত্তর : ঘ.

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১১. 'ন্যায্য অধিকারস্বত্ব এক কথা, অন্যায়ের ওপর ভাগ্য লাভ অন্য কথা'। -- কোন রচনার অংশ?
ক. বিলাসী খ. সৌদামিনী মালো
গ. একটি তুলসী গাছের কাহিনী ঘ. একুশের গল্প
ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : গ.

১২. 'কত ঊর্ণাজাল বুনে/কেটেছে' -- 'একটি ফটোগ্রাফ' কবিতার চরণাংশেটিতে প্রকাশ পেয়েছে-
ক. উদ্বেগ খ. স্মৃতিবেদনা গ. মর্মদাহ ঘ. বিষণ্ণতা
ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : খ.

১৩. 'বিলাসী' গল্পে প্রাতঃস্মরণীর স্বর্গীয় মুখোপাধ্যায় মহাশয়ের ঘটনা কিসের পরিচয়?
ক. ঔদার্যের খ. মহত্ত্বের
গ. দান-ধ্যানের ঘ. সংকীর্ণতার
ব্যাখ্যা : এখানে লেখক সমাজ ও ধর্মের সংস্কারাচ্ছন্নতাকে তীব্রভাবে ব্যঙ্গ করেছেন এবং সংকীর্ণতার দিকটি তুলে ধরেছেন।
সঠিক উত্তর : ঘ.

১৪. 'জীবন-বন্দনা' কবিতায় কোনটি ফলদায়ক কাজ নয়?
ক. উল্কার মতো ঘোরা খ. অরণ্যে কাটা
গ. ধ্বংশ সাধন করা ঘ. বিপ্লব করা
ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ক.

১৫. কোন শব্দটি সন্ধিজাত?
ক. দুধভাত খ. ভেতো গ. চচ্চড়ি ঘ. কেকা
সঠিক উত্তর : গ.

১৬. অনুসর্গ ব্যবহারের ক্ষেত্রে সাধুরীতিতে অনুসর্গের পূর্ণরূপ ও চলিতরীতিতে সংক্ষিপ্ত রূপ-
ক. হয় খ. কখনো কখনো হয়
গ. হয় না ঘ. কখনোই হয় না
ব্যাখ্যা: ক্রিয়াপদ ও সর্বনাম পদে সর্বদাই সাধুরীতি ও চলিতরীতির পার্থক্য থাকে। তবে কখনও কখনও অনুসর্গে এ পরিবর্তন দেখা যায়।
সঠিক উত্তর : খ.

১৭. 'এখন টক শো-র কল্যানে সবাই পন্ডিত ও বুদ্ধিজীবির ভূমিকায় অবতীর্ণ হইয়াছে, উপদেশও বর্ষণ করছে, কিন্তু তার বেশির ভাগই অর্থহীন বিস্বাদ ও তিক্ত। চলিত ভাষারীতির এক বাক্যে ভুল কয়টি?
ক. পাঁচ খ. ছয় গ. সাত ঘ. আট
ব্যাখ্যা: শুদ্ধরূপ - কল্যাণে, পণ্ডিত, বুদ্ধিজীবী, ভূমিকায়, অবতীর্ণ, হয়েছেন, করছেন, বেশিরভাগই।
সঠিক উত্তর : ঘ.

১৮. যে- বিভক্তি একাধিক কারকে ব্যবহৃত হয়, তাকে বলা হয়-
ক. নিত্য বিভক্তি খ. তির্যক বিভক্তি
গ. সর্ব বিভক্তি ঘ. গণ বিভক্তি
সঠিক উত্তর : খ.

১৯. 'আগাপাছতলা'র ব্যাসবাক্য
ক. আগা থেকে গাছের তলা পর্যন্ত। খ. আগু, পিছু ও তলা।
গ. আগা থেকে গাছ ও তলা পর্যন্ত। ঘ. আগে, পেছনে ও তলায়।
ব্যাখ্যা: আগাপাছতলা = আগে, পিছনে ও তলায় (বহুপদী দ্বন্দ্ব সমাস)।
এরূপ, রূপ-রস-লাবণ্য = রূপ, রস ও লাবণ্য (বহুপদী দ্বন্দ্ব সমাস)।
সঠিক উত্তর : ঘ.

২০. 'গরু মানুষের গোসত খায়'। বাক্যটিতে কিসের অভাব আছে?
ক. যোগ্যতা খ. আকাঙ্ক্ষা গ. আসত্তি ঘ. নৈকট্য
ব্যাখ্যা: বাক্যের অন্তর্গত শব্দগুলোর ভাবগত এবং অন্তর্গত মিলকেই যোগ্যতা বলে।
বিস্তারিত : ঢাবি (২০১৪-২০১৫) এর (০৮) নং দেখ।
সঠিক উত্তর : ক.

২১. কোনটি ভুল?
ক. বুদ্ধিজীবী খ. অন্তর্লীন
গ. উপাচার ঘ. তেজস্ক্রিয়া
ব্যাখ্যা: শুদ্ধরূপ - উপচার (পূজার সামগ্রী)
সঠিক উত্তর : গ.

২২. 'ফোঁটা ফোঁটা কোন পদের দ্বৈতরূপ?
ক. অব্যয় খ. বিশেষণ গ. ক্রিয়া ঘ. বিশেষ্য
ব্যাখ্যা: ফোঁটা শব্দটি বিশেষ্য পদ। ফোঁটা - বিন্দু, তিলক।
সঠিক উত্তর : ঘ.

২৩. 'চটপট কাজ সেরে নাও'। --এখানে 'চটপট' কোন পদ?
ক. ক্রিয়া খ. ক্রিয়া বিশেষণ
গ. অনুকার অব্যয় ঘ. ধ্বন্যাত্মক বিশেষণ
ব্যাখ্যা: ক্রিয়া বিশেষণ - যে পদ ক্রিয়া সংঘটনের ভাব, কাল বা রূপ নির্দেশ করে, তাকে ক্রিয়া বিশেষণ বলে যেমন - ধীরে ধীরে বায়ু বয়।
অনুরূপভাবে - মনে মনে তুলনা করে দেখলাম।
অনুরূপভাবে - চটপট কাজ সেরে নাও।
সঠিক উত্তর : খ.

২৪. 'No smoke without fire' - এর যথাযথ অভিব্যক্তি
ক. আগুন ছাড়া ধোঁয়া হয় না। খ. বিনা স্বার্থে কিছুই হয় না।
গ. সব গুজবেরই ভিত্তি আছে। ঘ. গুজবই রহস্য সৃষ্টি করে।
ব্যাখ্যা: No smoke without fire - সব গুজবের ভিত্তি আছে।
To pocket an insult - কিল খেয়ে কিল চুরি করা
Clouds rolled away - মেঘ কেটে গেল
Blossoms in the dust - গোবরে পদ্মফুল
Hunger is the best sauce - ক্ষুধা পেলে পাটকেলে কামড়।
সঠিক উত্তর : গ.

২৫. Notification - এর পরিভাষা
ক. স্মারক খ. প্রজ্ঞাপন
গ. বিজ্ঞাপন ঘ. বিজ্ঞপ্তি
ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু পরিভাষা-

| | |
|---|---|
| Delinquency - অপরাধ | Fallow land - পতিত জমি |
| Emancipation - মুক্তি | Foreman - সর্দার |
| Emblem - প্রতীক | Foreword - পূর্বকথা |
| Enterprise - উদ্যোগ | Forfeit - বাজেয়াপ্ত করা |
| Emporium - গঞ্জ | Notification - প্রজ্ঞাপন |

সঠিক উত্তর : খ.

## English

*(Answer each question by choosing the best option)*
***Read the paragraph and answer question 1-7.***

English speaking people have never been really homogeneous in their use of the English language. Today, if you travel extensively in the British Isles, you notice differences in pronunciation and vocabulary from shire to shire, or even if your ear is good enough from town. In London alone you can find tremendous diversity in the varieties of English. In the United States, likewise, the language differs somewhat from place to place and from one social 'class' to another. Many New Yorkers don't pronounce words as Chicagoans do, and in Denver people don't sound like those in Chicago. In some parts of the Southwest, Spanish influence shows up in the vocabulary, elsewhere, Germans and others have affected the English language.

01. 'The British Isles' are
A the United Kingdom B. the United States
C. England D. Scotland and Ireland
ব্যাখ্যা: British Isles- The group of islands of Great Britain and Ireland.
আবার, England, Scotland, Wales এবং Northern Ireland মিলে United Kingdom গঠিত।
Ans : A.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**02. The word 'tremendous' means**
A. terrible B. shocking
C. great D. excellent

ব্যাখ্যা: Tremendous - Adj - সুসংহত, শক্তিশালী, প্রচণ্ড
Synonym : Great, amazing, Colossal, Huge, Marvellous, Formidable, Gigantic, Fabulous, Vast
Antonym : Tiny, Appalling
Ans : C.

**03. The word 'homogeneous' means-**
A. diverse B. homely C. correct D. uniform

ব্যাখ্যা: Homogeneous - (Adj) সমজাতীয়
Synonym : Alike, Uniform, Analogous, Consistent, Harmonious, Identical, Similar, Consonant
Antonym : Different
Ans : D.

**04. The word 'extensively' is**
A. a noun B. an adjective
C. an adverb D. none of A, B, and C.

ব্যাখ্যা: Passage এ extensively, travet (Verb) কে Modify করেছে। Extensively এখানে Adverb হিসেবে ব্যবহৃত হয়েছে। কেননা Adverb সাধারণত Verb কে Modify করে।
Extension - Noun ; Extensive - Adjective
Ans : C.

**05. Choose a suitable title for the paragraph.**
A. Languages
B. Dialects
C. English in the U.K and the U.S.A.
D. Accents

ব্যাখ্যা: Passage এ UK এবং USA তে English এর যে ভিন্নতা তা নিয়ে আলোচনা করা হয়েছে।
Ans : C.

**06. Where are we found 'Spanish influence"?**
A. in the southwest of the U.S.
B. in England
C. in pronunciation
D. elsewhere

ব্যাখ্যা: Passage টির শেষ Sentence এ বলা আছে - In Some parts of the southeast spanish Influence shows up in the vocabulary. অর্থাৎ, We found spanish influence in the southeast the U.S.
Ans : A.

**07. The words 'from shire to shire' stand for**
A. form country to country
B. form province to province
C. form state to state
D. form country to country

ব্যাখ্যা: Shire এর অর্থ বৃটিশ স্থানীয় সরকারের বৃহত্তম একক। কিন্তু Passage এ Shire বলতে British Isles এর দেশগুলোকে বুঝানো হয়েছে। অর্থাৎ Shire to shire অর্থ Country to country
Ans : D.

**08. Global warming may have a ___ effect on life**
A. pollutant B. industrious
C. disastrous D. destruction

ব্যাখ্যা: জীবনের উপর বৈশ্বিক উষ্ণতায় ধ্বংসাত্মক প্রভাব থাকতে পারে Sentence টি পূর্ণ করলে এর অর্থ এটাই হয় - সেক্ষেত্রে অর্থগত দিক হতে Option (C) এবং (D) দুটি সঠিক মনে হতে পারে। কিন্তু Option (D) সঠিক না। কারণ Destruction একটি Noun. এখানে Adjective বসাতে হবে। সেক্ষেত্রে Disastrous-ই সঠিক Option. কেননা Disasotrous (Adj) Modify করেছে Effect (Noun) কে।
Ans : C.

**09. The phrase 'by all means' means**
A. meaningful B. industrious
C. by hook or by crook D. certainly

ব্যাখ্যা: By all means = By any means = By hook or by crook = যে কোন উপায়ে।
Ans : C.

**10. Choose the translation of the sentence, 'গত চারদিন যাবৎ সে জ্বরে ভুগছে'।**
A. He has been suffering from fever for the last four days.
B. He had fever for the last four days.
C. He has suffered from fever for four days.
D. He has fever for the last four days.

ব্যাখ্যা: অতীতে কোন কাজ আরম্ভ হয়ে এখনও চলছে এরূপ বুঝালে Present perfect continuous tense হয়। সেক্ষেত্রে সঠিক Translation টি শুধুমাত্র Option (A) তে দেয়া হয়েছে।
For + Duration of time
Since + Beginning of time
Ans : A.

**11. Which sentence is correct?**
A. He casted his vote for you
B. He offered his vote you
C. He cast his vote for you
D. He dropped his vote for you.

ব্যাখ্যা: Cast vote - ভোট প্রদান করা

| Present | Past | Past Participle |
|---|---|---|
| Cast | Cast | Cast |

Ans : C.

**12. The automobile's exhaust system ___ foul-smelling fumes.**
A. attracted B. condensed
C. neutralized D. emitted

ব্যাখ্যা: Attracted - আকর্ষিত Condensed - ঘনীভূত
Neutralized - নিরপেক্ষ Emitted - নির্গত
যেহেতু Sentence টি দ্বারা মটর গাড়ীর উৎকট ধোয়া নির্গত হওয়া বুঝাচ্ছে তাই সঠিক অপশন হবে emitted.
Ans : D.

**13. The day-laborer depends ___ his day's earnings ___ survival.**
A. at, with B. on, for C. to, at D. in, for

ব্যাখ্যা: Rely on = Depend on = Count upon = নির্ভর করা
দিনমজুররা জীবন ধারণের জন্য প্রতিদিনের আয়ের উপর নির্ভর করে। এখানে জীবন ধারণের জন্য বুঝাতে দ্বিতীয় অপশনে For বসবে।
Ans : B.

**14. What lies half sunk in the sand in Shelley's Ozymandias'?**
A. broken statue B. two trunkless legs
C. an ancient palace D. broken head of a statue

ব্যাখ্যা: Ozymandias কবিতার ৪র্থ লাইনে বলা হয়েছে-
Half sunk, a shattered visagelies, whore frown.
Shattered visage - চূর্ণবিচূর্ণ মুখাবয়ব। অর্থাৎ Broken head of a statue
Ans : D.

**15. In the lines "Here shall he see/No enemy" taken from "Under the Greenwood Tree" "Here" stands for -**
A. nature B. the greenwood tree
C open space D. hunting ground

ব্যাখ্যা: 'Under the Greenwood Tree' কবিতাটি William Shakespeare লিখেছেন।
এখানে, 'Here' দ্বারা 'the greenwood tree' কে বুঝানো হয়েছে।
Ans : B.

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**16. Your mood seems to be very meditative this evening. Here 'meditative' means**

A. gleeful B. desperate
C. thoughtful D. stern

ব্যাখ্যা: Meditative - Adj - চিন্তামগ্ন
**Synonym :** Thoughtfus, Contemplative, Pensive, Pondering, Melancholy Solemn
**Antonym :** Carefree, Light-Hearted
**Ans : C.**

**17. 'Much have I ___ in the ___ of gold.'**

A. desired, area B. gone, stores
C. looked, field D. travelled realms

ব্যাখ্যা: John Keats এর লেখা On First Looking Into Champan's Homer কবিতার ১ম লাইন থেকে প্রশ্নটি নেয়া হয়েছে, সেখানে বলা হয়েছে 'Much have i travelled in the realms of gold.'
**Ans : D.**

**18. the word 'niche' means**

A. statue B. proper place C. humble D. confusion

ব্যাখ্যা: Niche - Noun - 1. উপযুক্ত স্থান 2. গর্ত
**Synonym :** 1. Proper Place, Position, Slot, Vocation
2. Alcove, Corner, Cubby, Hollow, Nook
**Ans : B.**

**19. According to your English text, Polynesian fire-walkers**

A. are able to make a spectator also walk on fire
B. teach the spectators how to use magic
C. do not believe that they are under any magical spell
D. cannot make any spectator walk on fire

**Ans : A.**

**20. Is in difficult to get rid ___ all the ___.**

A. of, refuse B. from, animals
C. by, rubbish D. with, filth

ব্যাখ্যা: Get rid of - মুক্ত হওয়া
সব ধরণের আবর্জনা হতে মুক্ত হওয়া কঠিন অর্থাৎ It is difficult to get rid of all the refuse.
**Ans : A.**

**21. In the sentence, 'The man is a mad dog,' 'mad dog' is an example of a/an.**

A. simile B. metaphor C. assonance D. alliteration

ব্যাখ্যা: কিছু গুরুত্বপূর্ণ Literature term -
Verse - ছন্দ
Utopia - কাল্পনিক
Wit - রসময় ও চাতুর্যপূর্ণ অভিব্যক্তি
Irony - বক্তব্যকে জোরালো করতে নিজের বিপরীত কিছু করা বা বলা / ব্যাঙ্গ করে বলা।
Tragedy - শোকবহ ঘটনা/নাটক
Syntax - বাক্যরীতি
Stanza - স্তবক/পংক্তিগুচ্ছ
Simile - উপমা
Allusion - Brief reference to person, event, or place
Epilogue - End of the story
Fable - পৌরনিক কাহিনী
Sarcasm - তিক্ত মন্তব্য/উক্তি
Innuendo - ব্যঙ্গোক্তি
Pun- শব্দের হাস্যরস ব্যবহার
Metaphor - দুটি ভিন্ন জিনিসের সাথে তুলনা
Personification - Giving human qualities to animals on object.
প্রশ্নে, Man এবং Mad dog এর মধ্যে তুলনা করা হয়েছে। অর্থাৎ দুটি ভিন্ন জিনিসের মধ্যে তুলনা করা হয়েছে। তাই এটি Metaphor এর উদাহরণ।
**Ans : B.**

**22. In the line 'Tossing their heads in sprightly dance'. The word 'sprightly' is a/an**

A. adjective B. adverb
C. verb D. noun

ব্যাখ্যা: Sprightly - Adj - প্রাণচঞ্চল
Adjective, Noun এর পূর্বে বসে, Noun কে Modify করে। প্রদত্ত Sentence টিতে Dance একটি Noun Dance এর পূর্বে Sprightly বসে তাকে Modify বা বিশেষায়িত করেছে। তাই Sprightly একটি Adjective.
**Ans : A.**

**23. the last line of 'To Daffodials' is**

A. Ne'er to be seen again.
B. Vanish like summer's rain.
C. Ne'er to be found again.
D. as quick a growth to meet decay.

ব্যাখ্যা: To Daffodills কবিতার শেষ লাইনটি হলো-
Ne'er to be found again
**Ans : C.**

**24. Choose the correct spelling.**

A. Pnemonia B. nemonia
C. nemonea D. pneumonia

ব্যাখ্যা: শুদ্ধরূপ - Pneumonia
**Ans : D.**

**25. The word 'jocund' in 'I wandered Lonely as a Cloud' means**

A. comic B. merry
C. ridiculous D. funny

ব্যাখ্যা: Jocund-(adj)- উৎফুল্ল
**Synonym** - Merry, Cheerful, Convivial, Festive, Glad, Jolly, Joyful, Mirthful
**Antonym** - Gloomy,Glum,Melancholy, Sober
**Ans : B.**

## সাধারণ জ্ঞান

**০১. সম্প্রতি BIMSTEC এর অধিবেশন অনুষ্ঠিত হয়-**

ক. কাঠমুন্ডতে খ. ইসলামাবাদে গ. নয়া দিল্লিতে ঘ. ইয়াঙ্গুনে

**সঠিক উত্তর : গ.**

**০২. কার শাসনে আমলেই সমগ্র বাংলা 'বাঙ্গালাহ্' নামের প্রচলন করেন-**

ক. শশাংক খ. ধর্মপাল গ. ইলিয়াস শাহ্ ঘ. আকবর

ব্যাখ্যা:
• বাংলার প্রথম মুসলমান সুলতান - শামসুদ্দিন ইলিয়াস শাহ
• তার উপাধি ছিল - শাহ-ই-বাংলা।
• তিনিই প্রথম সমগ্র বাংলার অধিপতি হওয়ার গৌরব লাভ করেন।
• তিনি ছিলেন - বাংলার স্থপতি
• তিনি ১৫৩২ সালে সমগ্র বাংলা অধিকার করেন।

**সঠিক উত্তর : গ.**

**০৩. 'ভোজ বিহার' অবস্থিত-**

ক. দিনাজপুরে খ. রাজশাহীতে
গ. চট্টগ্রামে ঘ. কুমিল্লায়

ব্যাখ্যা:

| বিহার | অবস্থান |
|---|---|
| শালবন, আনন্দ ও ভোজ বিহার | কুমিল্লা |
| গোকুল ও ভাসু বিহার | বগুড়া |
| সীতাকোট বিহার | দিনাজপুর |
| মহামুনি বিহার | চট্টগ্রাম |
| রাজবন বিহার | রাঙামাটি |
| পাহাড়পুর/সোমপুর, জগদ্দল ও হলুদ বিহার | নওগাঁ |

**সঠিক উত্তর: ঘ.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

০৪. বাংলাদেশের ইতিহাসে যে-ঘটনাটি আগে ঘটেছিল-
ক. যুক্তফ্রন্ট গঠন খ. ভাষা আন্দোলন
গ. আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠা ঘ. আগরতলা ষড়যন্ত্র মামলা

ব্যাখ্যা: বিভিন্ন ঐতিহাসিক সংঘটিত হওয়ার সাল (ক্রমানুযায়ী)

| ঘটনা | সময়কাল |
|---|---|
| আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠা | ২৩ জুন, ১৯৪৯ |
| ভাষা আন্দোলন | ২১ ফেব্রুয়ারি, ১৯৫২ |
| রাষ্ট্র ভাষা সংগ্রাম পরিষদ গঠন | অক্টোবর, ১৯৪৭ |
| ছয় দফা দাবি | ৫ ফেব্রুয়ারি, ১৯৬৬ |
| আগরতলা ষড়যন্ত্র মামলা | ৩ জানুয়ারি, ১৯৬৮ |
| প্রথম সাধারণ নির্বাচন | ৭ ডিসেম্বর, ১৯৭০ |

সঠিক উত্তর: গ.

০৫. বাংলাদেশের নবীনতম সরকারি বিশ্ববিদ্যালয়-
ক. বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্
খ. রংপুর বিশ্ববিদ্যালয়
গ. নোয়াখালী বিশ্ববিদ্যালয়
ঘ. এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন্স

সঠিক উত্তর : খ.

০৬. *The White Tiger* এর লেখক-
ক. অরবিন্দ আদিগাও খ. অরুন্ধতি রায়
গ. অনীতা দেশাই ঘ. শোভা দে

ব্যাখ্যা: সাম্প্রতিক কিছু আলোচিত গ্রন্থ-

| গ্রন্থের নাম | লেখক |
|---|---|
| মিডনাইটস চিলড্রেন, স্যাটানিক ভার্সেস | সালমান রুশদি |
| হার্ড চয়েস | হিলারি ক্লিনটন |
| ডিসিশন পয়েন্টস | জর্জ ডব্লিউবুশ |
| দ্য থিওরি অব এভরিথিং | স্টিফেন হকিং |
| মাইজার্নি ঃ ট্রান্সফর্মিং ড্রিম ইনটু অ্যাকশনস | এ পি জে আবুল কালাম |
| The White Tiger | অরবিন্দ আদিগাও |
| হোয়াট ইফ, বিক লেন | মনিকা আলী |
| জিন্নাহ : ইন্ডিয়া - পার্টিশন ইন্ডিপেনডেন্স | যশবন্ত সিং |
| লিসনিং দ্য গ্রাসহুপার্স ঃ ফিল্ড নোটস অন ডেমোক্রেসি। দ্য ব্রিফিং, শেপ অব দ্য বিস্ট | অরুন্ধতি রায় |
| দ্য স্ট্র্যাটেজিক ভিক্টরি, গেরিলা অব টাইম | ফিদেল ক্যাস্ট্রো |
| Songs of Blood and Sword | ফাতিমা ভুট্টো |
| দ্য কাজুয়াল ভ্যাকেন্সি | জে.কে. রাউলিং |
| Conversations with Myself | নেলসন ম্যান্ডেলা |
| দি গ্রিন বুক | গাদ্দাফি |
| বাইন্ড রিলিজিওন | তেনজিন গিয়াটসো (দালাইলামা) |

সঠিক উত্তর : ক.

০৭. পর্তুগালের মুদ্রার নাম-
ক. পেসো খ. এসকুডো গ. লিরা ঘ. মার্ক

ব্যাখ্যা: মুদ্রা সম্পর্কে বিস্তারিত : ঢাবি (২০১৩-২০১৪) এর (৪০) নং দেখ।
সঠিক উত্তর: খ.

০৮. সম্প্রতি বাংলাদেশ এশিয়াটিক সোসাইটির ফেলো নির্বাচিত হন-
ক. মুহাম্মদ ইউনূস খ. অমর্ত্য সেন
গ. আবদুল্লাহ আবু সায়ীদ ঘ. ফজলে হাসান আবেদ

ব্যাখ্যা: • এশিয়াটিক সোসাইটি ১৭৮৪ সালে, কলকাতায় প্রতিষ্ঠিত হয়।
• এশিয়াটিক সোসাইটির প্রতিষ্ঠাতা - স্যার উইলিয়ামস জোনস।
• এশিয়াটিক সোসাইটি কর্তৃক প্রকাশিত বিশ্বকোষ - বাংলাপিডিয়া।
• পাকিস্তান এশিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠিত হয় - ৩ জানুয়ারি ১৯৫২।
• পাকিস্তান এশিয়াটিক সোসাইটি ১৯৭১ সালে বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি নামকরণ হয়।

সঠিক উত্তর: ঘ.

০৯. জেনেটিক্স- এর জনক-
ক. আইনস্টাইন খ. খুরানা
গ. মেনডেল ঘ. ফ্লেমিং

ব্যাখ্যা: জীব বিজ্ঞানের কয়েকটি আবিষ্কার ও আবিষ্কারক-

| আবিষ্কার | আবিষ্কারক |
|---|---|
| কোষ | রবার্ট হুক (যুক্তরাজ্য) |
| হোমিওপ্যাথি | হ্যানিম্যান (জার্মানি) |
| জেনেটিক্স | মেনডেল |
| কৃত্রিম জীন | হরগোবিন্দ খোরানা (ভারত) |
| পেনিসিলিন/এন্টিবায়োটিক | আলেকজান্ডার ফ্লেমিং (যুক্তরাজ্য) |
| আপেক্ষিক তত্ত্ব | আইনস্টাইন |

সঠিক উত্তর: গ.

১০. ১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারি ছিল-
ক. বৃহস্পতিবার খ. শুক্রবার
গ. শনিবার ঘ. রবিবার

ব্যাখ্যা: কয়েকটি ঘটনা ও তার তারিখ সহ বার-

| ইংরেজি তারিখ | বার (দিন) |
|---|---|
| ২১ ফেব্রুয়ারি, ১৯৫২ | বৃহস্পতিবার |
| ২৬ মার্চ, ১৯৭১ | বৃহস্পতিবার |
| ১৬ ডিসেম্বর, ১৯৭১ | বৃহস্পতিবার |
| ৭ মার্চ, ১৯৭১ | শুক্রবার |

সঠিক উত্তর : ক.

১১. দক্ষিণ ওসেটিয়া কোথায়?
ক. রাশিয়াতে খ. ককেশাসে
গ. সাইবেরিয়ায় ঘ. তুরস্কে

ব্যাখ্যা: • নাম : দক্ষিণ ওসটিয়া
• স্বাধীনতা লাভ : ২৮ নভেম্বর, ১৯৯১
• রাজধানী : তাসকিন ভ্যালি

সঠিক উত্তর : খ.

১২. 'অপারেশন নবযাত্রা' কী?
ক. মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক পরিচালিত মাদক নির্মূল অভিযান
খ. সুনামি-সৃষ্ট ক্ষতিতে বাংলাদেশ কর্তৃক পরিচালিত শ্রীলঙ্কা ও মালদ্বীপে সাহায্য অভিযান
গ. ছবিসহ ভোটার তালিকা ও জাতীয় পরিচয়পত্র প্রণয়ণের কর্মসূচি
ঘ. বাংলাদেশ কোস্টগার্ড পরিচালিত অভিযান

ব্যাখ্যা: বাংলাদেশে পরিচালিত অপারেশন-

| অপারেশন | প্রতিপাদ্য বিষয় |
|---|---|
| অপারেশন মান্না | ১৯৯১ সালে ঘূর্ণিঝড়ের সময় ব্রিটিশ নৌবাহিনী কর্তৃক ত্রান কার্যক্রম। |
| অপারেশন জ্যাকপট | ১৯৭১ সালে পাকিস্তানী নৌ-বাহিনীকে ধ্বংসের অভিযান। |
| অপারেশন উত্তরণ | পার্বত্য তিন জেলায় সেনাবাহিনী পরিচালিত অভিযান। |
| অপারেশন চ্যানেল রেইডার্স | বাংলাদেশ নৌবাহিনীর চোরাচালান বিরোধী বিশেষ অভিযান। |
| অপারেশন জাটকা | জাটকা নিধন বন্ধে কোস্ট গার্ড পরিচালিত অভিযান। |
| অপারেশন নবযাত্রা | ছবিসহ ভোটার তালিকা ও জাতীয় পরিচয়পত্র প্রণয়ন কর্মসূচী |

সঠিক উত্তর : গ.

১৩. দুর্নীতি দমন কমিশনের প্রথম চেয়ারম্যান-
ক. বিচারপতি সুলতান হোসেন খান খ. হাসান মশহুদ চৌধুরী
গ. বিচারপতি হাবিবুর রহমান ঘ. প্রফেসর মনিরুজ্জামান মিয়া

ব্যাখ্যা: দুদক সম্পর্কে বিস্তারিত : ঢাবি (২০০৯-২০১০) এর (০৩) নং দেখ।
সঠিক উত্তর: ক.

১৪. নেপালের বর্তমান প্রধানমন্ত্রী-
ক. কৈরালা খ. প্রচন্দ
গ. রামদাস ঘ. মনমোহন

ব্যাখ্যা: নেপালের বর্তমান প্রধান মন্ত্রী - শের বাহাদুর দেউবা।
সঠিক উত্তর : নাই.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৫. পরবর্তী বিশ্বকাপ অনুষ্ঠিত হবে-
ক. বৃটেনে খ. দক্ষিণ আফ্রিকায়
গ. ইতালিতে ঘ. ব্রাজিলে

ব্যাখ্যা: • প্রথম বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয় ১৯৩০ সালে, উরুগুয়েতে
• ২০১৮ সালে ২১ তম বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হবে - রাশিয়ায়
• ২০২২ সালে ২২ তম বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হবে - কাতারে
সঠিক উত্তর : নাই.

১৬. মাইক্রোসফট সম্প্রতি কেনার চেষ্টা করছে-
ক. গুগল খ. মিবো গ. ফেসবুক ঘ. ইয়াহু

ব্যাখ্যা: • মাইক্রোসফট (Microsoft) বিশ্বের সবচেয়ে বড় কম্পিউটার সফটওয়্যার কোম্পানী। প্রতিষ্ঠাতা : বিল গেটস (যুক্তরাষ্ট্র)
• সম্প্রতি এটি সামাজিক যোগাযোগ মাধ্যম Linked in অধিগ্রহণ করেছে। বিশ্বের বিখ্যাত মোবাইল নির্মাতা প্রতিষ্ঠান Nokia কিনে নিয়েছে এবং Microsoft নামে এর তৈরি মোবাইল ফোন বাজারজাত করছে।
সঠিক উত্তর : ঘ.

১৭. পশ্চিমবঙ্গে টাটা যে গাড়িটি উৎপাদন করতে চেয়েছিল-
ক. ইন্ডিকা খ. ন্যানো
গ. টাটানো ঘ. জামশেদজি

ব্যাখ্যা: • ভারতের বিখ্যাত গাড়ি নির্মানকারী প্রতিষ্ঠান টাটা (TATA)
• এটি ২০০৯ সালের ২৩ মার্চ ন্যান্যো (NANO) গাড়িটি আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করে।
সঠিক উত্তর : খ.

১৮. আফ্রিকায় বাংলাদেশের সর্বশেষ রপ্তানি পণ্য-
ক. বুনন পোশাক খ. পাটের থলে গ. ফেরি বোট ঘ. খাদ্যসামগ্রী

ব্যাখ্যা: • বাংলাদেশি পণ্যের প্রধান আমদানিকারক দেশ- যুক্তরাষ্ট্র
• বাংলাদেশকে সবচেয়ে বেশি সাহায্য দাতা দেশ --জাপান
• আফ্রিকায় সর্বশেষ রপ্তানী পণ্য - পাটের থলে
সঠিক উত্তর: খ.

১৯. বাংলাদেশের সফ্টওয়্যার প্রস্তুতকারীদের সমিতির নাম-
ক. সফ্টএস খ. বেসিস
গ. বাটেক্সপো ঘ. বিএসসিআইসি

ব্যাখ্যা: • BASIS- Bangladesh Association of Software and Information Services (বেসিস)
• প্রতিষ্ঠা সাল : ১৯৯৭ • সদর দপ্তর : কারওয়ান বাজার, ঢাকা।
সঠিক উত্তর : খ.

২০. TIN বোঝায়-
ক. ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল নেটওয়ার্ক
খ. ট্যাক্স আইডেন্টিফিকেশন নাম্বার
গ. ট্রান্সফার অব ইনফরমেশন নেটওয়ার্ক
ঘ. ট্যাক্স ইনডেক্স নাম্বার

ব্যাখ্যা: TIN - Tax Information Number.
ICB - Investment Corporation of Bangladesh.
ISSB - Inter Service Selection Board.
LGRD - Local Government And Rural Development
NACTAR - National Academy for Computer Training and Research.
NAEM - National Academy for Educational Management.
NIPORT - National Institute of Population Research and Training.
PPA - Power Purchase Agreement.
PRSP - Poverty Reduction Strategy Paper.
TCB - Trading Corporation of Bangladesh.
TIN - Tax Identification Number.
UCEP - Unprivileged Children's Educational Programme.
ZPG - Zero Population Group.
WMD - Weapons of Mass Destruction.
সঠিক উত্তর : খ.

২১. 'অবসেশন' শব্দটি জ্ঞানের যে- শাখার সঙ্গে যুক্ত-
ক. সাহিত্য খ. দর্শন
গ. মনোবিজ্ঞান ঘ. সমাজবিজ্ঞান

ব্যাখ্যা: বিস্তারিত : ঢাবি (২০০৯-২০১০) এর (৫০) নং দেখ।
সঠিক উত্তর : গ.

২২. বাংলাদেশের যে কয়টি রাজনৈতিক দল নির্বাচন কমিশনে নিবন্ধনের জন্য আবেদন করেছে-
ক. ৯৩টি খ. ১০৭টি গ. ১২৩টি ঘ. ১২৯টি

ব্যাখ্যা: • বর্তমানে বাংলাদেশে নিবন্ধিত রাজনৈতিক দল - ৪১ টি
• সর্বশেষ নিবন্ধিত দল বাংলাদেশ ন্যাশনালিস্ট ফ্রন্ট (BNF) প্রতীক : টেলিভিশন।
সঠিক উত্তর : খ.

২৩. বিশ্বের সর্বকনিষ্ঠ গণতান্ত্রিক রাষ্ট্র-
ক. ভুটান খ. নেপাল
গ. পূর্ব তিমুর ঘ. তিব্বত

ব্যাখ্যা: • বিশ্বের নবীনতম গণতান্ত্রিক দেশ - নেপাল (২০০৮ সালের পূর্বে)
• ২৪০ বছরের রাজতন্ত্রের বিলোপ হয় - ২৮ মে, ২০০৮
• বর্তমানে সর্বকনিষ্ঠ গণতান্ত্রিক রাষ্ট্র - দক্ষিণ সুদান।
• রাজধানী : জুবা, (Juba) [অবস্থিত : হোয়াইট নীল নদের তীরে]
• দক্ষিণ সুদান পূর্ব আফ্রিকার রুটির ঝুড়ি নামে পরিচিত।
• স্বাধীনতা লাভ ৯ জুলাই, ২০১১ [সুদানের নিকট থেকে]
• বর্তমান রাষ্ট্রপতি - সালভা কির মায়ারদিত।
সঠিক উত্তর : নাই.

২৪. জাতিসংঘের মহাসচিব বান কি মুন যে-তারিখে বাংলাদেশ আগমন করেন-
ক. ২৮ অক্টোবর, ২০০৮ খ. ২৯ অক্টোবর, ২০০৮
গ. ৩১ অক্টোবর, ২০০৮ ঘ. ০১ নভেম্বর, ২০০৮

ব্যাখ্যা: বাংলাদেশে সফরকারী জাতিসংঘ মহাসচিববৃন্দ:

| নাম | সময়কাল |
|---|---|
| কুর্ট ওয়াল্ড হেইম (অস্ট্রিয়া) | ৯ ফেব্রুয়ারি, ১৯৭৩ |
| পেরেজ দ্য কুয়েলার (পেরু) | ৩-৬ মার্চ, ১৯৮৯ |
| কফি আনান (ঘানা) | ১৩-১৫ মার্চ, ২০০১ |
| বান কি মুন (দ. কোরিয়া) | ১-২ নভেম্বর, ২০০৮ এবং ১৩-১৫ নভেম্বর, ২০১১ |

সঠিক উত্তর : ঘ.

২৫. বিশ্বকাপ ক্রিকেটে কোন দলের বিরুদ্ধে বাংলাদেশ প্রথম জয়লাভ করে?
ক. স্কটল্যান্ড খ. মালয়েশিয়া
গ. পাকিস্তান ঘ. কেনিয়া

ব্যাখ্যা: • বিশ্বকাপ ক্রিকেটে স্কটল্যান্ডের বিরুদ্ধে (২৪ মে, ১৯৯৯, ইংল্যান্ড) বাংলাদেশ প্রথম জয়লাভ করে।
• ওয়ানডেতে বাংলাদেশের প্রথম জয় কেনিয়ার বিপক্ষে (১৭ মে, ১৯৯৮, ভারতে)
• T-20 ক্রিকেটে বাংলাদেশ জিম্বাবুয়ের বিপক্ষে জয়লাভ করে (২৮ নভেম্বর, ২০০৬)
• টেস্ট ক্রিকেটের মর্যাদা লাভ - ২৬ জুন, ২০০০
• প্রথম টেস্ট ম্যাচ জয়লাভ - জিম্বাবুয়ের বিপক্ষে (৬-১০ জানুয়ারি, ২০০৫)
সঠিক উত্তর : ক.

২৬. Extradition Treaty হলো-
ক. উত্তর মেরু চুক্তি খ. অপরাধী প্রত্যর্পণ চুক্তি
গ. পরিবেশ দূষণ সংক্রান্ত চুক্তি ঘ. তেল-গ্যাস আহরণ চুক্তি

ব্যাখ্যা: • Extradition Treaty - হল - অপরাধী প্রত্যর্পণ চুক্তি।
• চুক্তির বিষয়বস্তু : যদি কোনো ব্যক্তি কোনো রাষ্ট্রে অপরাধ করে অন্য রাষ্ট্রে পালিয়ে যায় বা আশ্রয় নেয়, তাহলে দ্বিতীয় রাষ্ট্র কর্তৃক সংশ্লিষ্ট ব্যক্তিকে প্রথম রাষ্ট্রের নিকট হস্তান্তর করা।
সঠিক উত্তর : খ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২৭. 'মাওয়া ফেরি ঘাট' কোন জেলায় অবস্থিত?
ক. শরীয়তপুর খ. মাদারীপুর
গ. ঢাকা ঘ. মুন্সিগঞ্জ

ব্যাখ্যা: বাংলাদেশের কয়েকটি ফেরি ঘাট ও তার অবস্থান-

| ফেরিঘাট | অবস্থান |
|---|---|
| মাওয়া | মুন্সীগঞ্জ |
| জাজিরা | শরীয়তপুর |
| দৌলতদিয়া / গোয়ালন্দ | রাজবাড়ি |
| পাটুরিয়া | মানিকগঞ্জ |
| কাওড়াকান্দি | মাদারীপুর |

সঠিক উত্তর: ঘ.

২৮. "ইতিহাস হচ্ছে অভিজাত শ্রেণির সমাধিক্ষেত্র।" উক্তিটি কার?
ক. প্লেটো খ. এরিস্টটল
গ. হব্‌স ঘ. প্যারেটো

ব্যাখ্যা: • এরিস্টটল জন্ম গ্রহণ করে - খ্রিষ্টপূর্ব ৩৮৪, গ্রিস।
• মৃত্যু: খিস্টপূর্ব - ৩২২
• বিখ্যাত বই :- দি পালিটিকস, দি ইথিকস, দি লজিক, দি রেটোরিক, দি কনস্টিটিউশন অব এথেন্স।
• তার শিক্ষা প্রতিষ্ঠান ; লাইসিয়াম (Lyceum)
• বিখ্যাত উক্তি : শক্তি নয় ইচ্ছাই রাষ্ট্রের ভিত্তি।
- ইতিহাস হচ্ছে অভিজাত শ্রেণীর সমাধিক্ষেত্র।
-সংবিধান হচ্ছে রাষ্ট্র কর্তৃক মনোনীত পূর্ণাঙ্গ জীবন বিধান
সঠিক উত্তর : খ.

২৯. অবিভক্ত বাংলার দ্বিতীয় মুখ্যমন্ত্রী-
ক. আবুল হাসেম খ. এ.কে. ফজলুল হক
গ. শহীদ সোহরাওয়ার্দী ঘ. খাজা নাজিমুদ্দীন

ব্যাখ্যা: অবিভক্তবাংলার মুখ্যমন্ত্রীগণ-

| নাম | সময়কাল |
|---|---|
| এ কে ফজলুল হক (প্রথম) | ০১.০৪.১৯৩৭ - ২৮.০৩.১৯৪৩ |
| খাজা নাজিম উদ্দিন (দ্বিতীয়) | ২৪.০৪.১৯৪৩ - ২৮.০৩.১৯৪৫ |
| হোসেন শহীদ সোহরাওয়ার্দী (শেষ) | ২৪.০৪.১৯৪৬ - ১৪.০৮.১৯৪৭ |

সঠিক উত্তর : ঘ.

৩০. কোন গ্রহটির নামকরণ রোমান যুদ্ধদেবতার নামে হয়েছে-ঃ
ক. মার্স খ. স্যাটার্ন
গ. জুপিটার ঘ. এপোলো

ব্যাখ্যা: গ্রহ, নক্ষত্র সম্পর্কে তথ্য-

| বৈচিত্র্য | গ্রহ/নক্ষত্র |
|---|---|
| বৃহত্তম গ্রহ (গ্রহরাজ) | বৃহস্পতি (Jupitar) |
| দ্বিতীয় বৃহত্তম, হাজার বলয়ের গ্রহ | শনি (Saturn) |
| দ্রুততম, সূর্যের নিকটতম, ক্ষুদ্রতম গ্রহ | বুধ (Mercury) |
| পৃথিবীর নিকটতম, শুকতারা বা সন্ধ্যাতারা, দিনে ২ বার সূর্যোদয় ও সূর্যাস্ত | শুক্র (Venus) |
| লাল গ্রহ | মঙ্গল (Mars) |
| সবুজ গ্রহ | ইউরেনাস (Vranus) |
| সবচেয়ে উজ্জ্বল নক্ষত্র | লুব্ধক |
| সর্বাধিক ঘনত্ব সম্পন্ন গ্রহ | পৃথিবী (Earth) |
| বড় উপগ্রহ | টাইটাস (Titan) |

সঠিক উত্তর : ক.

৩১. বরাক ওবামা যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে কত জনভোট পেয়েছেন?
ক. প্রায় সাড়ে ছয় কোটি খ. প্রায় সাড়ে সাত কোটি
গ. আট কোটি ঘ. প্রায় সাড়ে আট কোটি

ব্যাখ্যা: • বারাক ওবামা যুক্তরাষ্ট্রের ২০০৮ সালের প্রেসিডেন্ট নির্বাচনে প্রায় সাড়ে সাত কোটি জনভোট পেয়েছেন।
• তিনি শিকাগো শহরের অধিবাসী
• তিনি কেনিয়ান বংশোদ্ভূত মার্কিন নাগরিক।
সঠিক উত্তর : খ.

৩২. তীর্থংকরের ধারণা কোনটির সঙ্গে সম্পৃক্ত?
ক. বৌদ্ধ ধর্ম খ. চার্বাক ধর্ম
গ. জৈন ধর্ম ঘ. শিখ ধর্ম

ব্যাখ্যা: • বৌদ্ধধর্মের সাথে নির্বাণ ধারণাটি জড়িত।
• জন্মান্তরবাদ ধারণাটি সনাতন ধর্মের সাথে জড়িত।
• তীর্থংকরে ধারণাটি জৈনধর্মের সাথে জড়িত।
• জৈন ধর্মের প্রবর্তক - মহাবীর (প্রকৃত নাম বর্ধন)
সঠিক উত্তর : গ.

৩৩. ঢাকা বিশ্ববিদ্যালয়ের সলিমুল্লাহ্ মুসলিম হল কোন বছর নির্মিত হয়?
ক. ১৯২১ খ. ১৯২৫ গ. ১৯২৭ ঘ. ১৯২৯

ব্যাখ্যা: ঢাকা বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু হয়:-
৩ টি হল : সলিমুল্লাহ, জগন্নাথ ও শহীদুল্লাহ হল।
৩ টি অনুষদ : কলা, বিজ্ঞান ও আইন অনুষদ।
শিক্ষার্থী : ৮৭৭ জন।
শিক্ষক : ৬০ জন।
সঠিক উত্তর : ক.

৩৪. রোকেয়া দিবস পালিত হয়-
ক. ৯ ডিসেম্বর খ. ১০ জানুয়ারি
গ. ১৫ জানুয়ারী ঘ. ১০ এপ্রিল

ব্যাখ্যা: বাংলাদেশের কয়েকটি জাতীয় দিবস-

| | |
|---|---|
| জাতীয় গ্রন্থ বা পাঠ্য পুস্তক দিবস | ১ জানুয়ারী |
| জাতীয় শিক্ষক দিবস | ১৯ জানুয়ারী |
| জাতীয় ক্যান্সার দিবস | ৪ ফেব্রুয়ারী |
| জাতীয় ডায়াবেটিস সচেনতা দিবস | ২৮ ফেব্রুয়ারী |
| জাতীয় পতাকা উত্তোলন দিবস | ২ মার্চ |
| জাতীয় শিশু দিবস | ১৭ মার্চ |
| ফারাক্কা লং মার্চ দিবস | ১৬ মে |
| জাতীয় মূল্য সংযোজন কর দিবস | ১০ জুলাই |
| জ্বালানী নিরাপত্তা দিবস | ৯ আগষ্ট |
| জাতীয় আয়কর দিবস | ১৫ সেপ্টেম্বর |
| কন্যা শিশু দিবস | ৩০ সেপ্টেম্বর |
| জাতীয় নিরাপদ সড়ক দিবস | ২২ অক্টোবর |
| জাতীয় সমবায় দিবস | নভেম্বর মাসের প্রথম শনিবার |
| সংবিধান দিবস | ৪ নভেম্বর |
| জাতীয় কৃষি দিবস | ১৫ নভেম্বর (১ অগ্রহায়ন) |
| সশস্ত্র বাহিনী দিবস | ২১ নভেম্বর |
| মুক্তিযোদ্ধা দিবস | ১ ডিসেম্বর |
| জাতীয় যুব দিবস | ৮ ডিসেম্বর |

সঠিক উত্তর : ক.

৩৫. মেলামিনযুক্ত গুঁড়ো দুধ যে-দেশে প্রথম ধরা পড়ে-
ক. চীনে খ. ভারতে গ. থাইল্যান্ডে ঘ. বাংলাদেশে

ব্যাখ্যা: • মেলামিন জার্মান শব্দ
• কাজ - দুধের ঘনত্ব বৃদ্ধি।
• এই রাসায়নিক পদার্থ মানদেহের জন্য ব্যাপক ক্ষতিকর।
• প্রথম ধরা পড়ে - চীনে (২০০৮ সালে)
সঠিক উত্তর : ক.

৩৬. চলতি বছরের মতো গত শতাব্দীর যে বছরে বিশ্ব অর্থনৈতিক মন্দার মুখোমুখি হয়েছিল-
ক. ১৯০৫ খ. ১৯২০ গ. ১৯২১ ঘ. ১৯৩০

ব্যাখ্যা: • প্রথম বিশ্বযুদ্ধের পরবর্তী সময়ে ১৯৩০ সালে আমেরিকা দেশসমূহে ইউরোপীয় বল ব্যাপক অর্থনৈতিক মন্দার কবলে পড়ে।
সঠিক উত্তর : ঘ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৩৭. অতি সম্প্রতি বিজ্ঞানীরা 'বিগ ব্যাং' -এর পরীক্ষা করেছে-
ক. ফ্রান্স-সুইজারল্যান্ড সীমান্তে খ. ভিয়েনার প্রান্তভাগে
গ. বেলজিয়ামে ঘ. নিউ ইয়র্কের কাছে

ব্যাখ্যা: • বিগ ব্যাং (Big Bang) তত্ত্বের প্রবক্তা - জর্জ ল্যামেটার
• বিগ ব্যাং তত্ত্বের আধুনিক তত্ত্ব ব্যাখ্যা করেছেন - স্টিফেন হকিং
• সম্প্রতি বিগ ব্যাং তত্ত্বটির পরীক্ষা ১০ সেপ্টেম্বর, ২০০৮ সালে সুইজারল্যান্ড ও ফ্রান্সের সীমান্তের কাছে করা হয়েছে।
সঠিক উত্তর : ক.

৩৮. বাংলাদেশের জেলাভিত্তিক সবচেয়ে ছোট প্রশাসনিক বিভাগ-
ক. সিলেট বিভাগ খ. বরিশাল বিভাগ
গ. রাজশাহী বিভাগ ঘ. খুলনা বিভাগ

সঠিক উত্তর : ক.

৩৯. বাংলাদেশের 'কৃষিদিবস'-
ক. পহেলা কার্তিক খ. পহেলা অগ্রহায়ণ
গ. পহেলা পৌষ ঘ. পহেলা আষাঢ়

ব্যাখ্যা: বিস্তারিতঃ ওপরের (৩৪) নং দেখ।
সঠিক উত্তর : খ.

৪০. ২৭শে সেপ্টেম্বর ২০০৮ তারিখে চীনের প্রথম নভোচারী হিসেবে মহাশূন্যে হাঁটেন-
ক. লিং হাইপেং খ. লিউ বোমিং
গ. ঝাই ঝিগ্যাং ঘ. ইয়াং লিওই

ব্যাখ্যা: • মহাকাশে প্রথম নভোচারী - ইউরি গ্যাগারিন (রাশিয়া)
• প্রথম নারী নভোচারী - ভ্যালেন্তিনা তেরেস্কোভা (রাশিয়া)
• মুসলিম নভোচারী - সুলতান বিন সালমান (সৌদি আরব)
• ২৭ সেপ্টেম্বর, ২০০৮ চীনের প্রথম নভোচারী হিসেবে মহাশূন্যে হাঁটেন ঝাই ঝিগাং।
সঠিক উত্তর : গ.

৪১. যুক্তিবিদ্যার প্রধান কাজ-
ক. সুযুক্তি ও কুযুক্তির পার্থক্য নির্ণয় খ. তর্কে জিততে শিক্ষাদান
গ. বুদ্ধিবৃদ্ধি ঘ. চেতনাবৃদ্ধি

ব্যাখ্যা: • দর্শন শাস্ত্রের জনক - থেলেস (আধুনিক-রেনে ডেকার্ত)
• যুক্তিবিদ্যা হচ্ছে - অনুমান সিদ্ধ বিজ্ঞান
• প্রধান কাজ - বুদ্ধি বৃত্তিক চেতনার উন্মেষ, বৈধ-অবৈধ, সুযুক্তি-কুযুক্তির পার্থক্য নির্ণয়।
সঠিক উত্তর : ক.

৪২. কাজী নজরুল ইসলাম সম্পাদিত-
ক. লাঙ্গল খ. সওগাত
গ. কল্লোল ঘ. শিখা

ব্যাখ্যা: পত্রিকা ও তার সম্পাদক সম্পর্কে বিস্তারিত : ঢাবি (২০১৩-২০১৪) এর (১১) নং দেখ।
সঠিক উত্তর : ক.

৪৩. বাংলাদেশে 'আন্তর্জাতিক মাইক্রোক্রেডিট বৎসর' পালিত হয়-
ক. ২০০২ সালে খ. ২০০৩ সালে
গ. ২০০৬ সালে ঘ. ২০০৫ সালে

সঠিক উত্তর : ঘ.

৪৪. উচ্চ মুদ্রাস্ফীতির ফলে সর্বাধিক ক্ষতিগ্রস্থ গোষ্ঠী-
ক. ব্যবসায়ী শ্রেণি খ. শিল্পপতি
গ. কৃষক ঘ. সীমিত আয়ের জনগোষ্ঠী

ব্যাখ্যা: • মুদ্রাস্ফীতি বলতে দাম স্তরের ক্রমাগত বৃদ্ধিকে এবং অর্থ সরবরাহ বৃদ্ধিকে বোঝায়।
• মুদ্রাস্ফীতি ফলে : দামস্তর বেড়ে যায়, ক্রয়ক্ষমতা হ্রাস পায় অর্থের মূল্য কমে যায়।
• এর ফলে সীমিত আয়ের জনগোষ্ঠী সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্থ
সঠিক উত্তর : ঘ.

৪৫. চাহিদা বিধি কী?
ক. আয় বাড়লে চাহিদা বাড়ে খ. চাহিদা কমলে দাম বাড়ে
গ. দাম বাড়লে চাহিদা কমে ঘ. দাম বাড়লে চাহিদা বাড়ে

ব্যাখ্যা: • চাহিদা বিধি : দাম বাড়লে চাহিদা কমে এবং দাম কমলে চাহিদা বাড়ে। দামের সাথে চাহিদার সর্ম্পক বিপরীতমুখী।
• যোগান বিধি: দাম বাড়লে যোগান বাড়ে এবং দাম কমলে যোগান কমে। দামের সাথে যোগানের সর্ম্পক পরস্পর মুখী।
সঠিক উত্তর : গ.

৪৬. মহাকাব্য নয়-
ক. ইলিয়াড খ. গিলগামেশ
গ. ইনিড ঘ. জুলিয়াস সিজার

ব্যাখ্যা: কয়েকটি মহাকাব্য ও তার রচয়িতা:

| মহাকাব্য | রচয়িতা |
|---|---|
| মেঘনাদ বধ কাব্য | মাইকেল মধুসূদন দত্ত |
| শাহনামা | মহাকবি ফেরদৌসি |
| ইলিয়ড, ওডিসি | হোমার |
| গিলগামেশ | ব্যাবিলনীয় মহাকাব্য |
| ইনিড | ভার্জিল |

সঠিক উত্তর : ঘ.

৪৭. মুসলিম দেশ নয় কিন্তু পাতাকায় চাঁদ-তারা আছে-
ক. হংকং খ. থাইল্যান্ড
গ. সিঙ্গাপুর ঘ. মায়ানমার

ব্যাখ্যা: সিঙ্গাপুর এর-
• স্বাধীনতা অর্জন: ৯ আগস্ট, ১৯৬৫ (মালয়েশিয়া থেকে)
• ৫৫ টি দ্বীপের সমন্বয়ে গঠিত।
• প্রথম প্রধানমন্ত্রী : লি কুয়ান ইউ (মৃত্যু: ২৩ মার্চ ২০১৫ইং)
• জাতীয় পতাকা : দুটি আনুভূমিক ফিতার উপরের রং লাল এবং নিচের রং সাদা। লাল ফিতার এক পাশে সাদা একটি অর্ধচন্দ্রের মধ্যে পাঁচটি সাদা তারকা।
সঠিক উত্তর : গ.

৪৮. ২০০৮ সালের সাহিত্যে নোবেল পুরস্কার বিজয়ী লেখক যে-দেশের-
ক. জার্মান খ. ফ্রান্স
গ. ডেনমার্ক ঘ. সুইডেন

ব্যাখ্যা: নোবেল পুরস্কার ২০১৫ বিস্তারিত: ঢাবি (২০১৩-২০১৪) এর (৪৯) নং দেখ।
সঠিক উত্তর : খ.

৪৯. জাতিসংঘের নারী উন্নয়ন বিষয়ক তহবিলের নাম-
ক. ইউএন উইমেন খ. সমতা তহবিল
গ. ইউনিফেম ঘ. জেন্ডার সমতা তহবিল

ব্যাখ্যা: বিস্তারিত: ঢাবি (২০১০-২০১১) এর (৪০) নং দেখ।
সঠিক উত্তর: গ.

৫০. দেবদাস চরিত্রে অভিনয় করেন নি-
ক. দিলীপ কুমার খ. প্রমথেশ বড়ুয়া
গ. বুলবুল আহমেদ ঘ. উত্তম কুমার

ব্যাখ্যা: উপরিউক্ত ব্যক্তিদের মধ্য থেকে দেবদাস চরিত্রে অভিনয় করেছেন - দিলীপ কুমার, প্রমথেশ বড়ুয়া ও বুলবুল আহমেদ।
সঠিক উত্তর: ঘ.

!!! বের হয়েছে !!!
পানজৌড়ি
শতভাগ ব্যাখ্যা সম্বলিত অধ্যায়ভিত্তিক একমাত্র প্রশ্নব্যাংক
♦ গুচ্ছ ভর্তি পরীক্ষা (বিজ্ঞান, মানবিক, ব্যবসায় শিক্ষা)
♦ সমন্বিত কৃষি বিশ্ববিদ্যালয়

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার